“যে ব্যক্তি কাউকে হারানো জিনিস সন্ধান (ঘোষণা) করতে শোনে, সে যেন বলে, ‘আল্লাহ যেন তোমাকে তা ফিরিয়ে না দেন।’ কারণ, মসজিদসমূহ এর জন্য বানানো হয়নি।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, “যে ব্যক্তি কাউকে হারানো জিনিস সন্ধান (ঘোষণা) করতে শোনে, সে যেন বলে, ‘আল্লাহ যেন তোমাকে তা ফিরিয়ে না দেন।’ কারণ, মসজিদসমূহ এর জন্য বানানো হয়নি।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আবূ হুরায়রাহ রাদিয়াল্লাহু আনহুর হাদীস দিক নির্দেনা দেয়, যে ব্যক্তি তার হারানো কোন বস্তু-জন্তু মসজিদে তালাশ করে তাকে বলা হবে, আল্লাহ যেন তা তোমার জন্য ফিরিয়ে না দেয় বা তুমি যেন তা না পাও যেমনটি অপর বর্ণনায় বর্ণিত। এটি মসজিদের সম্মান ছাড়ার কারণে তার জন্য শাসন। অতঃপর যে ব্যক্তি তার হারানো বস্তু মসজিদে তালাশ করে তাকে এ শাস্তির কারণ সম্পর্কে স্বীয় বাণীতে তিনি বলেন, কারণ, মসজিদসমূহ এর জন্য বানানো হয়নি। অর্থাৎ তা নির্মাণ করা হয়েছে আল্রাহর যিকির সালাত, ইলম ও ভালো কাজের আলাচনা ইত্যাদির জন্য। আর যখন লোকটি তার হারানো বস্তুকে তালাশ করার জন্য যথাযোগ্য স্থান নির্ধারণ করতে পারেনি, তার উদ্দেশ্যে বৈপরীত্য কারনে তার শাস্তি, ভীতি পদর্শন এবং নিন্দা জ্ঞাপনের জন্য না পাওয়া বদ দো‘আই দার জন্য উপযোগী।

http://sunnah.global/hadeeth/bn/show/10890